৪০

দৈনিক ইনকিলাব

তারিখ ... [illegible] 1999
পৃষ্ঠা ২ ... কলাম ৬

কমার্স কলেজ ও আগ্রাবাদ রণক্ষেত্রে পরিণত

# চট্টগ্রামে ছাত্র লীগের কাদের ও নাসির গ্রুপের মধ্যে ভয়াবহ বন্দুকযুদ্ধ

**চট্টগ্রাম ব্যুরো ঃ** চট্টগ্রাম কমার্স কলেজ এলাকায় শাসক দলীয় ছাত্র সংগঠন মুজিববাদী ছাত্র লীগের কাদের গ্রুপ ও নাসির গ্রুপের ক্যাডারদের মধ্যে গতকাল (শনিবার) ঘন্টাব্যাপী ভয়াবহ বন্দুকযুদ্ধে উভয় গ্রুপের অন্তত ১০ জন ক্যাডার আহত হয়েছে। বন্দুকযুদ্ধ চলাকালে সন্ত্রাসীরা প্রায় শতাধিক রাউন্ড গুলী বিনিময় করে। ঘটনাস্থল থেকে পুলিশ ৫ জনকে গ্রেফতার করেছে। পুলিশ ও কর্মাস কলেজ সূত্র জানায়, দুপুর দেড়টায় কলেজ গেইটে সংঘর্ষের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যে গুলী ও বোমার শব্দে গোটা এলাকা কেঁপে ওঠে। কলেজ ক্যাম্পাস ও আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা দৃশ্যত রণক্ষেত্রে রূপ নেয়। লোকজন প্রাণভয়ে পালাতে থাকে। ২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## চট্টগ্রামে বন্দুক যুদ্ধ

প্রথম পৃষ্ঠার পর

অফিস-আদালত বন্ধ হয়ে যায়। কলেজ দখলকে কেন্দ্র করে কাদের গ্রুপ ও নাসির গ্রুপের ক্যাডারদের মধ্যে গত কয়েকদিনে আরো ৪ দফা বন্দুকযুদ্ধ হয়। কলেজ দখলকে কেন্দ্র করে ছাত্রলীগের বিবদমান দু'টি গ্রুপের মধ্যে দাঙ্গা-হাঙ্গামার প্রেক্ষাপটে কলেজ কর্তৃপক্ষ ক্যাম্পাসে প্রকৃত ছাত্রদের উপস্থিতি নিশ্চিত করতে নতুন করে পরিচয় পত্র দেয়ার উদ্যোগ নেয়। গত শনিবার উভয় গ্রুপের কর্মীরা পরিচয় পত্র নেয়ার জন্য ক্যাম্পাসে আসে। সকাল থেকে কলেজ ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছিল। এক পর্যায়ে বেলা দেড়টায় কলেজের মেইন গেটে দু'গ্রুপের ক্যাডারদের মধ্যে সংঘর্ষ বেধে যায়। মুহূর্তের মধ্যে সংঘর্ষ গোটা এলাকায় ছড়িয়ে পড়ে। উভয় পক্ষই পুলিশের উপস্থিতিতে আগ্নেয়াস্ত্র নিয়ে প্রকাশ্যে বন্দুকযুদ্ধে লিপ্ত হয়। পরে পুলিশ উভয় পক্ষকে এলাকা থেকে হটিয়ে দেয়। এসময় পুলিশ জাবেদ, শাহিদ, মাসুদ, সাঈদ ও বাবু নামে ৫ যুবককে গ্রেফতার করে। আহতদের বিভিন্ন ক্লিনিকে ভর্তি করা হয়েছে। গতকাল বিকাল পর্যন্ত এ ব্যাপারে কোন পক্ষই থানায় কোন মামলা করেনি।